

# **া** মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৫৫৩

পর্ব-৩: পাক-পবিত্রতা (১ ুটা ্টা)

পরিচ্ছেদঃ ১২, দ্বিতীয় অনুচ্ছেদ - হায়য-এর বর্ণনা

### আরবী

وَعَنِ ابْنِ عَبَّاسٍ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «إِذَا وَقَعَ الرَّجُلُ بِأَهْلِهِ وَهِيَ حَائِضٌ فَلْيَتَصَدَّقْ بِنِصنْفِ دِينَارٍ» . رَوَاهُ التِّرْمِذِيِّ وَأَبُو دَاؤُد النَّسَائِيِّ والدارمي وَابْن مَاجَه

#### বাংলা

৫৫৩-[৯] ইবনু 'আব্বাস (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রস্লুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ কেউ যদি তার স্ত্রীর সাথে ঋতুবতী অবস্থায় যৌনসঙ্গম করে, তাহলে সে যেন অর্ধেক দীনার দান করে দেয়। (তিরমিযী, আবূ দাউদ, নাসায়ী, দারিমী ও ইবনু মাজাহ্)[1]

## ফুটনোট

[1] সহীহ: আবূ দাউদ ২৬৬, তিরমিযী ১৩৬, ইবনু মাজাহ্ ৬৪০, নাসায়ী ২৮৯, দারিমী ১১৪৫, ১১৪৯, ১১৫১।

#### ব্যাখ্যা

ব্যাখ্যা: উক্ত হাদীসে হায়য স্ত্রীর সাথে মিলন করলে অর্ধেক দীনার সদাকাহ (সাদাকা) করতে বলা হয়েছে, কিন্তু অন্য রিওয়ায়াতে এক দীনার উল্লেখ হয়েছে। এর উত্তর হলো যে, এটা কোন বর্ণনাকারী হতে সংক্ষিপ্ত হয়েছে বা তার থেকে ভুল সংঘটিত হয়েছে। তারপর এ হাদীসের সানাদে খুসায়ফ নামে এক রাবী রয়েছে, যিনি স্মৃতিশক্তিতে দুর্বল ছিলেন। তাঁর শেষ জীবনে হাদীস বর্ণনায় কিছু ভুল পরিলক্ষিত হয়। আর এক দীনার সদাকাহ (সাদাকা) করার হাদীস অধিক শক্তিশালী ও বিশুদ্ধ।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি



 ${\color{red} {\it 9}} \; {\it Link-https://www.hadithbd.com/hadith/link/?id=55110}$ 

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন